



একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হইবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/জরুরী নির্দেশনা/২০২০/৫০৮

তারিখঃ ১৮-০৪-২০২০খ্রিঃ।

বিষয়ঃ COVID-19 ব্যবস্থাপনায় জরুরী নির্দেশনা বিষয়ক

COVID-19 ব্যবস্থাপনার জন্য হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা প্রদান কারীদের কার্যকরী সেবা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য জরুরী ভিত্তিতে নিম্ন বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণ করার জন্য বলা হল।

- (ক) COVID-19 ব্যবস্থাপনার জন্য হাসপাতালে কর্মরত সকল সেবা প্রদান কারীদের সমন্বয়ে তিনটি টিম গঠন করতে হবে। প্রতিটি টিমে সমান সংখ্যক অধ্যাপক/কনসালটেন্ট/বিশেষজ্ঞগণ, মেডিকেল অফিসার, নার্স এবং অন্যান্য সেবা প্রদান কারীগণ অংশগ্রহণ করবেন;
- (খ) প্রতিটি টিম একাধারে ১০ দিন (২/৩ শিফটে) ডিউটি করবে অর্থাৎ ১২ ঘন্টা বা ৮ ঘন্টার রোস্টার করে দায়িত্ব পালন করবে;
- (গ) ডিউটি চলা কালীন সময়ে টিমের সকল সেবা প্রদানকারীগণ পরিবারের সদস্যদের নিরাপত্তার জন্য গেস্ট হাউস/হোটেলে অবস্থান করবেন। গেস্ট হাউস/হোটেলে জেলা কমিটির সহায়তায় হাসপাতাল কর্তৃপক্ষ ব্যবস্থা করবেন। প্রয়োজনে প্রশাসনের সহায়তা নেওয়া যাবে;
- (ঘ) ১০ দিন ডিউটি পরবর্তী স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিত করার জন্য পরবর্তী ১৪দিন হোটেলে কোয়ারেন্টাইনে থাকবে। ইচ্ছা করিলে কোয়ারেন্টাইন শেষে পরবর্তী ০৬ দিন বাসায় ফ্যামেলী এর সংগে অবস্থান করতে পারবেন। তারপর পুনরায় হাসপাতালের ডিউটিতে যোগদান করবেন;
- (ঙ) এক টিমের কোয়ারেন্টাইন চলাকালীন সময়ে অন্য টিম এসে কাজ করবেন এবং প্রত্যেকদিন রোস্টার ডিউটি শেষে হোটেলে অবস্থান করবেন;
- (চ) বর্ণিত Working modality তে তিনটি টিমের সেবা প্রদানকারীগণ সমানভাবে সমন্বয় করে প্রতিষ্ঠান প্রধানের নির্দেশ মোতাবেক কাজ করবেন;
- (ছ) স্বাস্থ্য অধিদপ্তরের টেকনিক্যাল কমিটি মতামত দিয়েছে যে, হাসপাতালে সেবা প্রদানকারীদের Comorbidity জনিত ঝুঁকির মাত্রা বিবেচনা করে হাসপাতালের প্রধানগণ আলোচনা সাপেক্ষে ডিউটি রোস্টার প্রণয়ন করবেন। গর্ভবর্তী এবং দুগ্ধদায়িনী মায়েরা ডিউটি রোস্টারের বাইরে থাকবেন এবং টেলিমেডিসিনের মাধ্যমে সেবা প্রদান করবেন।
- (জ) বর্ণিত টিমে সকল discipline এর চিকিৎসকগণ অন্তর্ভুক্ত হবেন;
- (ঝ) হোটেলে অবস্থান, থাকা, যাতায়াত এবং খাওয়ার জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত চাহিদা প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ে কোয়ারেন্টাইন Expense অর্থ বরাদ্দের অনুরোধ পাঠানো হবে।
- (ঞ) MSR বরাদ্দ হতে স্থানীয়ভাবে Quality PPE এর সরবরাহ নিশ্চিত করতে হবে;
- (ট) PPE ব্যবহার, বিশেষ করে PPE খোলার বিষয়ে সুনির্দিষ্ট নিয়মাবলী সবাইকে অনুসরণ করতে হবে তা না হলে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সংক্রমন প্রতিরোধ করা যাবে না;
- (ঠ) সেবা প্রদান কারীদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে বর্ণিত বিষয় সমূহ অবিলম্বে বাস্তবায়ন করতে হবে, স্থানীয় সম্পদ বিবেচনায় রেখে

ইহাতে মহা-পরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

বিষয়টি অতীব জরুরী

Dr. Aminul Hasan ১৪/০৪/২০২০
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ


১. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল (সকল)
২. তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল (সকল)
৩. সিভিল সার্জন (সকল)
৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UHFPO) (সকল)

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/জরুরী নির্দেশনা/২০২০/৫০৮

তারিখঃ ১৮-০৪-২০২০খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। যুগ্ম-সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল।


(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১